স্মারক নং- ১৪.৩৫.০০০০.০০০.৩৮০.০৭.০০০৩.২৫.৪৬৫ তারিখ : ২৬ অক্টোবর ২০২৫ খ্রি.

# বিজ্ঞপ্তি

টেলিটক বাংলাদেশ লিমিটেড-এর ইন্টারনেট প্রটোকল সেন্টার (আইপিসিসি) (হেল্প লাইন নম্বর ১২১)-এ ২৪ ঘন্টা/ ০৭ দিন ভিত্তিতে ঘন্টাপ্রতি প্রদেয় মজুরিতে সম্পূর্ণ অস্থায়ী হিসেবে চুক্তিভিত্তিক ইনবাউন্ড কল গ্রহণ এবং আউটবাউন্ড কল প্রদানের মাধ্যমে গ্রাহকসেবা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত ক্যাটাগরিতে যোগ্যতাসম্পন্ন আগ্রহী বাংলাদেশী নাগরিকগণের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক | ক্যাটাগরি | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মজুরির পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১ | সুপারভাইজার | অনুর্ধ্ব ৩৫ বছর ২৬/১০/২০২৫ তারিখে। | ন্যুনতম স্নাতক/ সমমান পরীক্ষায় পাশ এবং মোবাইল অপারেটর কলসেন্টারের সুপারভাইজার ক্যাটাগরির কাজে ন্যুনতম ০২ (দুই) বছরের অভিজ্ঞতাসম্পন্ন। | চুক্তিভিত্তিক ঘন্টা প্রতি ৯৫/- (সপ্তাহে সর্বোচ্চ ৪০ ঘন্টার অধিক নয়) |
| ০২ | আইটি এক্সিকিউটিভ | অনুর্ধ্ব ৩৫ বছর ২৬/১০/২০২৫ তারিখে। | ন্যুনতম এইচএসসি/ সমমান পরীক্ষায় পাশ। কম্পিউটার ট্রাবল-শ্যুটিং এবং নেটওয়ার্ক রক্ষণাবেক্ষন ও মেরামত সংশ্লিষ্ট ক্যাটাগরির কাজে ন্যুনতম ০২ (দুই) বছরের অভিজ্ঞতাসম্পন্ন। | চুক্তিভিত্তিক ঘন্টা প্রতি ৯৫/-(সপ্তাহে সর্বোচ্চ ৪০ ঘন্টার অধিক নয়) |
| ০৩ | এজেন্ট | অনুর্ধ্ব ৩৫ বছর ২৬/১০/২০২৫ তারিখে। | ন্যুনতম এইচএসসি/ সমমান পরীক্ষায় পাশ এবং মোবাইল অপারেটর কলসেন্টারে এজেন্ট হিসেবে ন্যুনতম ০২ (দুই) বছরের অভিজ্ঞতাসম্পন্ন। | চুক্তিভিত্তিক ঘন্টা প্রতি ৭০/- (সপ্তাহে সর্বোচ্চ ৪০ ঘন্টার অধিক নয়) |

আগ্রহী প্রার্থীগণ অনলাইনে আবেদন সম্পন্ন করবেন। অনলাইন আবেদনে সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং স্বাক্ষর আপলোড করতে হবে। আবেদনকারীদের মধ্যে প্রাথমিকভাবে বাছাই করে যোগ্যতা ও শর্তাবলী পূরণকারী যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষা এবং Aptitude Test পরীক্ষার জন্য ডাকা হবে। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার শর্ত পূরণ না হলে আবেদন করার প্রয়োজন নেই। এ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আবেদন জমাদান সময়সীমা হবে ০৭ (সাত) দিন।

## অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি https://tblsm.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

**i) Online এ আবেদনপত্র পুরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৮/১০/২০২৫ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকা**

**ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৩/১১/২০২৫ খ্রি. তরিখ বিকাল ৫.০০ ঘটিকা।**

উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন Print করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ০৬/- (ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজ সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে "Online-এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: TBLSM<space>User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে
Example: TBLSM ABCDEF & send to 16222
Reply: Applicant's Name, Tk. 56/- Will be charged as Applicantion fee. Your PIN is 12345678.

To pay fee Type TBLSM Yes PIN and send to 16222.

দ্বিতীয় SMS: TBLSM<space>Yes<space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে
Example: TBLSM Yes 12345678 & send to 16222
Reply: Congratulations Applicant's Name, Payment Completed Successfully for TBLSM Applicantion for the post xxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxx)

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://tblsm.teletalk.com.bd ওয়েবসাইটে প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে, বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি মৌখিক এবং Aptitude Test পরীক্ষায় উত্তীর্ণ হলে অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে:
TBLSM <space>Help<space>User<space>User ID & send to 16222
Example: TBLSM Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে:
TBLSM<space>Help<space>PIN <space> PIN No & send to 16222
Example: TBLSM Help PIN 12345678 & send to 16222

শর্তাবলী :

১) নির্বাচিত প্রার্থীরা কর্মে নিযুক্তির পর কোন অবস্থাতেই টেলিটক বাংলাদেশ লিমিটেড-এর কর্মচারী হিসেবে গণ্য হবেন না এবং ভবিষ্যতে টেলিটকে চাকরির নিশ্চয়তা বা দাবি করার সুযোগ থাকবে না।

২) উক্ত চুক্তিভিত্তিক নিয়োগের মেয়াদ হবে ০৩ (তিন) মাস (নবায়নযোগ্য)।

৩) যেকোন সময় কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে চুক্তিভিত্তিক নিয়োগ বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৪) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এ ক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৫) পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না

৬) আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৭) নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

২৬/১০/২০২৫

(আহাম্মদ উল্লাহ)
মহাব্যবস্থাপক (সেলস এন্ড মার্কেটিং)
টেলিটক বাংলাদেশ লিমিটেড